

# UNIFIL এ নিযুক্ত রাষ্ট্রসংঘের শান্তিরক্ষীদের উপরে হামলার প্রেক্ষিতে প্রেস রিলিজ

18 এপ্রিল, 2026

UNIFIL এ নিযুক্ত রাষ্ট্রসংঘের ফরাসি শান্তিরক্ষীদের উপর আজ যে হামলা হয়েছে, আমরা তার তীব্র নিন্দা জানাচ্ছি। আমরা নিহতদের প্রতি আমাদের শ্রদ্ধাঞ্জলি অর্পণ করছি এবং আহত অন্য তিন জন শান্তিরক্ষীর দ্রুত আরোগ্য কামনা করছি।

2. শান্তিরক্ষীদের বিরুদ্ধে হওয়া এই অপরাধের জন্য জবাব চেয়ে ভারত রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদের রেজোলিউশন 2589 প্রয়োগ করেছে। আমরা লেবানন সরকারকে এই আক্রমণের দ্রুত তদন্ত করতে, তার অপরাধীদের উপযুক্ত শাস্তি প্রদান করতে এবং রাষ্ট্রসংঘের শান্তিরক্ষীদের বিরুদ্ধে হওয়া এই অপরাধের জন্য জবাবদিহি নিশ্চিত করতে অনুরোধ করছি।

3. ভারত রাষ্ট্রসংঘের পরিসর এবং তার কর্মীদের নিরাপত্তার প্রতি সম্মান দেখানোর গুরুত্বের কথা পুনরাবৃত্তি করেছে এবং ও রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদের নির্দেশ অনুযায়ী মোতায়ন করা শান্তিরক্ষীদের নিরাপত্তা ও সুরক্ষা নিশ্চিত করার জন্য সমস্ত পক্ষকে অনুরোধ করেছে।

নয়া দিল্লি

18 এপ্রিল, 2026